# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জয়পৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/৫১৮ তারিখ- ০৭/১০/২০২১

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র্য নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১২/১০/২০২১ খ্রিঃ তারিখ রোজঃ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। দরিদ্র এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন করণের লক্ষ্যে স্যানিটেশন মাস অক্টোবর ২০২১ উপলক্ষ্যে প্রকল্প অনুমোদিত বস্তি সমূহে স্যানিটেশন সপ্তাহ পালন প্রসঙ্গে আলোচনা।
৩। অসহায় হতদরিদ্রদের মাঝে পৌরসভা হতে ঔষধ সহায়তা প্রদান বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

..........................................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র্য নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

### সভা নং-৮৮

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১২-১০-২০২১ খ্রিঃ।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | পাপিয়া | কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
আলোচনা ঃ- গত ১৬/০৯/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ১৬/০৯/২০২১ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

আলোচ্য সূচী-২। দরিদ্র এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন করণের লক্ষ্যে স্যানিটেশন মাস অক্টোবর ২০২১ উপলক্ষ্যে প্রকল্প অনুমোদিত বস্তি সমুহে স্যানিটেশন সপ্তাহ পালন প্রসঙ্গে আলোচনা।
আলোচনাঃ সভাপতি মহোদয় আলোচনা কালে বলেন যে, বস্তি তথা দরিদ্র এলাকায় বিশুদ্ধ পানি, স্বাস্থ্যসম্মত টয়লেট, ড্রেনেজ ব্যবস্থার যথেষ্ট অভাব ছিল। আমরা জানি UGIIP-3 প্রকল্প হতে অনুমোদিত ০৭(সাত) টি বস্তিতে বিভিন্ন অবকাঠামোগত উন্নয়ন করা হয়েছে। উক্ত কমিটির মাধ্যমে অত্র পৌরসভার মধ্যে অবস্থিত বস্তি সহ অন্যান্য দরিদ্র এলাকা চিহ্নিত করা হয়েছে। তাই প্রকল্প হতে অনুমোদিত ০৭ বস্তিতে টয়লেট, ড্রেন, ডাস্টবিন, সুপেয় পানির লক্ষ্যে টিউবওয়েল নির্মাণ করা হয়েছে।এসব অবকাঠামো স্বাস্থ্যসম্মত ব্যবহার ও অন্যান্য প্রাথমিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বস্তি সমুহে স্যানিটেশন সপ্তাহ পালন বিষয়ে মতামত ব্যক্ত করেন। উক্ত আলোচ্য বিষয়ে উপস্থিত সদস্য গণ নিম্নোক্ত ভাবে তাদের মতামত তুলে ধরেন।
মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর, সংরক্ষিত-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় হরিজন কলোনী বস্তি এলাকার উদাহারণ টেনে বলেন বস্তি এলাকা গুলোতে পর্যাপ্ত পানি নিস্কাষণের ব্যবস্থা হয়েছে, কিন্তু ড্রেন গুলো নিয়মিত পরিষ্কার করা হয় না। তাই স্যানিটেশন সপ্তাহে পানি দ্রুত নিষ্কাষন সহ অপরিষ্কার ড্রেন এ মশা মাছির উপদ্রুপ বিনাশ করার জন্য ড্রেন গুলো পরিষ্কার এবং বস্তি এলাকার আসপাশ পরিষ্কার করণের বিষয়ে মতামত প্রদান করেন।
মোছাঃ শাহানজ বেগম, প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় বলেন, বস্তিতে স্যানিটেশন সপ্তাহ পালন একটি ভাল উদ্যোগ। এ ফলে বস্তির জনগন স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহার, আর্বজনা ফেলার জন্য নির্দিষ্ট ডাস্টবিন ব্যবহার সহ প্রভৃতি বিষয়ে স্যানিটেশন বিষয়ে সচেতন হবেন।
মোছাঃ করনা বেগম, প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় বলেন, বস্তির জনগনের সাথে বিশেষ করে বস্তি উন্নয়ন কমিটি সদস্যদের আলোচনা সাপেক্ষে অক্টোবর মাসের তৃতীয় সপ্তাহে স্যানিটেশন সপ্তাহ পালন বিষয়ে অভিমত ব্যক্ত করেন।

সিদ্ধান্তঃ- বস্তি উন্নয়ন কমিটি সমূহের সাথে আলোচনা সাপেক্ষে অক্টোবর ২০২১ মাসের ৩য় সপ্তাহে প্রকল্প কর্তৃক অনুমোদিত বস্তি সমূহে স্যানিটেশন সপ্তাহ পালনে উদ্যোগ গ্রহণ এবং উক্ত অনুষ্টান সমূহকে ফলপ্রসু করার জন্য পৌরসভা বস্তি উন্নয়ন কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর, কঞ্জারভেন্সী ইন্সপেক্টর সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

৩নং আলোচ্য বিষয় ঃ অসহায় হতদরিদ্রদের মাঝে পৌরসভা হতে ঔষধ সহায়তা প্রদান বিষয়ে আলোচনা।

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, জয়পুরহাট পৌরসভা হতে প্রতিনিয়ত অসহায় দরিদ্রদের মাঝে ঔষধ সহায়তা প্রদান করা হয়। মেয়র মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে ঔষধ প্রাপ্তির ক্ষেত্রে যারা সরকারী হাসপাতালে ডাক্তার দেখাইয়ে ব্যবস্থাপত্র নিয়ে আসেন, তাদের ব্যবস্থাপত্র দেখে ঔষধ ক্রয় করে দেওয়া হয়। এছাড়া বিশেষ ক্ষেত্রে দুস্থ অসহায়দের জরুরী বা উন্নত চিকিৎসার প্রয়োজন হলে, পৌরসভা হতে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনা কালে কমিটির সদস্য জনাব পাপিয়া - প্রতি কোয়াটারে যেসব দুস্থ নারীদের ঔষধ সহায়তা দেওয়া হচ্ছে তাদের মাষ্টার রোল প্রস্তুত করে পরবর্তী কোয়াটারের ১ম মাসের কমিটির সভায় উপস্থাপন করণের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ প্রতি কোয়ার্টারে কতজন হতদরিদ্রদের ঔষধ সহায়তা দেওয়া হচ্ছে তার তালিকা তৈরী করে এ কমিটি সভায় উপস্থাপন করা এবং কম্পিউটার এ ডাটাবেজ তৈরী করে নিয়মিত তথ্য সংযোজন করে সংরক্ষন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জয়পৌরস/প্রকৌঃ/২০২১-২০২২/ ৬৫৫
তারিখ- ১২/১০/২০২১ইং

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১২/১০/২০২১ ইং।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রমনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-১ জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ.টি.এম মোস্তাফিজুর রহমান | সহকারী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৭ | মোছাঃ শাহনাজ বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | সাহানাজ |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | মর্জিনা |
| ৯ | মোঃ হাসানুজ্জামান | বস্তি উন্নয়ন কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা | সদস্য-সচিব | |

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং- জয়পৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/ ৪৫১ তারিখ- ০৭/১১/২০২১

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১১/১১/২০২১ খ্রিঃ তারিখ রোজঃ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। পৌর এলাকায় বেকার শিক্ষিত ছেলেদের বিভিন্ন কর্মসংস্থানমূখী প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করণ বিষয়ে আলোচনা।
৩। পৌরসভার বিভিন্ন কর্মকান্ডে দরিদ্র জনগনকে সম্পৃক্ত করা প্রসঙ্গে আলোচনা।
৪। বিবিধ।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

....................................................
সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

### সভা নং-৮৯

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১১-১১-২০২১ খ্রিঃ।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | পাপিয়া | কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।

আলোচনা ঃ- গত ১২/১০/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ১২/১০/২০২১ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

আলোচ্য সূচি-২ঃ পৌর এলাকায় বেকার শিক্ষিত ছেলেদের বিভিন্ন কর্মসংস্থানমুখী প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করণ বিষয়ে আলোচনা।

আলোচনাঃ সভাপতি মহোদয় এ বিষয়ে আলোচনা কালে বলেন, পৌর এলাকায় বেকারত্ব দূর করার লক্ষ্যে বিভিন্ন ধরণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ধরণের কর্মসংস্থানমুখী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। তিনি জানান যে, পৌরসভায় স্থায়ী কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের মাধ্যমে নিয়মিত দরিদ্র পরিবারের সন্তানদের বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়া জেলা শহর পৌরসভা হওয়ায় এখানে ছেলে মেয়েদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দেওয়ার সরকারী প্রতিষ্ঠান আছে। বৈদেশিক ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠান, যুব উন্নয়ন অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর এর মাধ্যমে বিভিন্ন আত্ম-কর্মসংস্থানমূখী প্রশিক্ষণ দিয়ে থাকেন। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণ নিম্নোক্ত ভাবে আলোচনা করেন।

জনাবা পাপিয়া, কাউন্সিলর, সংরক্ষিত-০৩, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি বলেন, বিভিন্ন ওয়ার্ডে উঠান বৈঠক করতে গিয়ে দেখা যায় অনেক মহিলায় বিভিন্ন ধরণের প্রশিক্ষণ নিতে আগ্রহী । কিন্তু কোথায় কিভাবে প্রশিক্ষণ নেওয়া যায়, সে ব্যাপারে তারা অবগত নয়। সরকারী যেসব প্রতিষ্ঠান প্রশিক্ষণ দেয় তাদের ঠিকানাসহ সেখানে যোগাযোগের জন্য উৎসাহ প্রদান করি। উক্ত প্রতিষ্ঠান সমূহে কোন সমস্যার সৃষ্টি হলে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর বা মেয়র মহোদয়ের সাথে যোগাযোগের জন্য পরামর্শ প্রদান করি। এভাবে প্রশিক্ষণ নেওয়ার ব্যাপারে ব্যাপক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে পৌরসভার বিভিন্ন সভা সেমিনারে প্রশিক্ষনের বিষয়ে আলোচনা করণ বিষয়ে মতামত প্রদান করেন।

মোছাঃ শাহানাজ বেগম, প্রতিনিধি(দরিদ্র শ্রেণী), দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় বলেন, এসব সরকারী প্রতিষ্ঠানে প্রশিক্ষণের জন্য সাধারণ জনগন গেলে বিভিন্ন অসুবিধার সম্মুখীন হয় । তাই এসব প্রতিষ্ঠানের জেলা অফিসের প্রধানদের নিয়ে মেয়র মহোদয় একটি আলোচনা আয়োজন করে তাদের প্রতিষ্ঠানে সাধারণ প্রশিক্ষণার্থীদের ভোগান্তি দূর করার জন্য অনুরোধ জানানোর বিষয়ে আলোকপাত করেন।

সিদ্ধান্ত ঃ বেকারত্ব দূর করার লক্ষ্যে বেকারদের বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণের জন্য সুযোগ ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রত্যেক ওয়ার্ড কাউন্সিলর গণের মাধ্যমে ওয়ার্ড ভিত্তিক বেকারদের তালিকা তৈরী করে, তাদের বিভিন্ন প্রশিক্ষণ পৌরসভা ও সরকারী অন্যান্য প্রশিক্ষণ প্রদান কারী প্রতিষ্ঠানের মাধ্যমে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও পৌরসভা কর্তৃক আয়োজিত বিভিন্ন ওয়ার্ড মিটিং সহ সভা সেমিনারে বেকারদের আত্ন কর্মসংস্থান প্রশিক্ষণ নেওয়ার ব্যাপারে উদ্বুদ্ধ করণের সিদ্ধান্ত গৃহীত হলো।

<u>আলোচ্য সূচী-৩। পৌরসভার বিভিন্ন কর্মকান্ডে দরিদ্র জনগনকে সম্পৃক্ত করা প্রসঙ্গে আলোচনা।</u>

<u>আলোচনাঃ</u>- সভাপতি মহোদয় এ বিষয়ে আলোচনার সূত্রপাত করলে কমিটির সদস্য ও প্রতিনিধিগণ নিম্নোক্ত ভাবে তাদের মতামত তুলে ধরেন।

আলোচনা কালে জনাব মোছাঃ শাহানাজ বেগম, দরিদ্র শ্রেণীর প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় জানান যে, দারিদ্র জনগোষ্ঠী কম বেশী পৌরসভায় সব এলাকায় বসবাস করে। প্রত্যেক এলাকার উন্নয়ন কর্মকান্ডে দরিদ্রশ্রেণীর প্রতিনিধিদের সম্পৃক্ত করা উচিত। তাহলে তারা তাদের প্রয়োজনীয়তা সঠিক ভাবে উপস্থাপন করতে পারবে এবং সে অনুযায়ী কর্মকান্ড পরিচালিত হলে দারিদ্রতা অনেকাংশে লাঘোব করা সম্ভব হবে।

আলোচনাকালে জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর সংরক্ষিত-১ ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় জানান যে, দরিদ্র এলাকা তথা বস্তি এলাকার উন্নয়ন সঠিকভাবে করতে চাইলে পৌরসভার প্রতিটি উন্নয়ন কর্মকান্ডে গ্রহনের প্রারম্ভে দরিদ্র জনগোষ্ঠীর মতামতের ভিত্তিতে প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন করতে হবে।

সিদ্ধান্তঃ পৌরসভায় প্রতিটি উন্নয়ন কর্মকান্ডে দরিদ্র শ্রেণীর জনগনকে সম্পৃক্ত করার জন্য পৌরসভার বিভিন্ন কমিটিতে তাদের অন্তর্ভুক্তিসহ সভায় উপস্থিতি নিশ্চিত করার উদ্যোগ গ্রহনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জপৌসঃ/প্রকৌঃ/২০২১-২০২২/ ৪৮০

তারিখ- ১১/১১/২০২১ ইং

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ</u>

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ............................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১১/১১/২০২১ ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-১ জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ.টি.এম মোস্তাফিজুর রহমান | সহকারী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৭ | মোছাঃ শাহনাজ বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | সাহানাজ |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | মর্জিনা |
| ৯ | মোঃ হাসানুজ্জামান | বস্তি উন্নয়ন কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা | সদস্য-সচিব | |

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জয়পৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/৫১৯ তারিখ- ০১/১২/২০২১ ইং

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ০৭/১২/২০২১ খ্রিঃ তারিখ রোজঃ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। UGIIP-III প্রকল্পের মাধ্যমে বস্তিতে নির্মিত টয়লেট গুলো নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে আলোচনা।
৩। (অক্টোবর-ডিসেম্বর/২০২১) কোয়ার্টারে **PRAP** বাস্তবায়ন বিষয়ে আলোচনা।।
৪। বিবিধ।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

.....................................................................
সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।
### সভা নং-৯০

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-

সভাপতি ঃ জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ০৭-১২-২০২১ খ্রিঃ।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর।

| ক্রমনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | পাপিয়া | কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরনী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
আলোচনা ঃ- গত ১১/১১/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
১১/১১/২০২১ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

আলোচ্য সূচি-২ঃ **UGIIP-III প্রকল্পের মাধ্যমে বস্তিতে নির্মিত টয়লেট গুলো নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে আলোচনা।**

আলোচনাঃ সভাপতি মহোদয় এ বিষয়ে আলোচনা কালে বলেন, পৌর এলাকায় UGIIP-III প্রকল্পের মাধ্যমে অনুমোদিত ০৭ টি বস্তিতে ৭৯ টি সিঙ্গেল ও ১২টি ডাবল টয়লেট নির্মাণ করা হয়েছে। এসব টয়লেটগুলো আধুনিক স্বাস্থ্যসম্মতভাবে ভাবে নির্মিত হয়েছে। প্রতিটি টয়লেট যৌথ পরিবার মিলে অর্থাৎ ০৩ বা তার অধিক পরিবার মিলে এসব টয়লেট ব্যবহার করছে। টয়লেটগুলো নিয়মিত পরিষ্কার করা না হলে স্বাস্থ্যসম্মত টয়লেট অস্বাস্থ্যকর হয়ে যাবে। তাই বস্তি বাসীদের জন্য নির্মিত টয়লেট গুলো দীর্ঘদিন যেন ভালভাবে ব্যবহার করতে পারে সেজন্য কমিটির পক্ষথেকে বিশেষ উদ্যোগ গ্রহন করা প্রয়োজন। বিষয়টি নিয়ে আলোচনা কালে কমিটির সদস্যরা নিম্নোক্ত ভাবে অংশগ্রহন করে মতামত প্রদান করেন।

জনাবা পাপিয়া, কাউন্সিলর, সংরক্ষিত-০৩, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি বলেন, যেহেতু এসব টয়লেটগুলো যৌথ পরিবার ভিত্তিক ব্যবহার হচ্ছে, তাই সে পরিবার গুলোর মধ্যে ভাগ করে দিয়ে নিয়মিতভাবে পরিষ্কারের ব্যবস্থা করতে হবে।

মোঃ ওলিউজ্জামান, কাউন্সিলর,ওয়ার্ড নং-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় বলেন, বস্তি বাসীদের টয়লেট ব্যবহার ও পরিষ্কার করণের বিষয়ে নিয়মিত ভাবে সচেতন করা এবং টয়লেট ছোট খাটো কিছু যদি নষ্ট হয়ে যায়, তাহলে তারা যেন নিজেরা দ্রুত মেরামত করে নেয় সে বিষয়ে তাদের পরামর্শ প্রদান করা।

সিদ্ধান্ত ঃ UGIIP-III প্রকল্পের মাধ্যমে নির্মিত টয়লেট গুলো পরিষ্কার করনের জন্য বস্তির সদস্যদের নিয়ে নিয়মিত সচেতনতা মূলক বৈঠক করা। প্রতিটি বস্তিতে গঠিত বস্তি উন্নয়ন কমিটি গুলো টয়লেট পরিষ্কার করনের জন্য পরিবার ভিত্তিক চার্ট করে দিবেন এবং এ কমিটি ও সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর সহ বস্তি উন্নয়ন কর্মকর্তা নিয়মিত ভাবে বস্তি পরিদর্শন করে টয়লেট গুলো পরিষ্কার আছে কিনা দেখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য সূচি-৪ ঃ (অক্টোবর-ডিসেম্বর/২০২১) কোয়াটারে **PRAP** বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, (অক্টোবর-ডিসেম্বর/২০২১) কোয়াটারে PRAP বাস্তবায়নের লক্ষ্যে অসহায় ও দুস্থ পুরুষদের স্বাস্থ্য সেবার আওতায় ঔষধ ও আর্থিক সহায়তা প্রদান, দরিদ্র ছাত্রদের মধ্যে শিক্ষা সামগ্রী বিতরন, অসহায় দরিদ্র মানুষের মাঝে বস্ত্র বিতরন, হত দরিদ্রদের মাঝে আর্থিক সাহায্য খাতে নিয়মিত খরচ করা হচ্ছে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ PRAP বাস্তবায়নে গৃহীত উদ্যোগের পাশাপাশি পরিকল্পনা অনুযায়ী অন্যান্য কার্যক্রম গ্রহন করে চলতি অর্থ বছরের মধ্যে PRAP বাস্তবায়ন শতভাগ করার জন্য একমত পোষন করেন এবং PRAP বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন যথাযথভাবে পূরন করে ইউজিপ-৩ প্রকল্পে অফিসে প্রেরণের সিদ্ধান্ত গ্রহন করা হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জয়পৌঃসঃ/প্রকৌঃ/২০২১-২০২২/ ৫১৫

তারিখ- ০৭/১২/২০২১ ইং

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ</u>

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ............................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | |
|---|---|
| সভাপতি | ঃ মোঃ জাকির হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌর মিলনায়তন। |
| তারিখ | ঃ ০৭/১২/২০২১ ইং। |
| রোজ | ঃ মঙ্গলবার। |
| সময় | ঃ ১১.০০ ঘটিকা। |

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-১ জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ.টি.এম মোস্তাফিজুর রহমান | সহকারী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৭ | মোছাঃ শাহনাজ বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | শাহানাজ |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | মর্জিনা |
| ৯ | মোঃ হাসানুজ্জামান | বস্তি উন্নয়ন কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা | সদস্য-সচিব | |